



ময়মনসিংহ কলেজ অব ফিজিওথেরাপি এণ্ড হেলথ সায়েন্সেস (এমসিপিএইচএস)

(বেলা হেলথ এন্ড এডুকেশন ফাউন্ডেশন এর একটি শিক্ষা প্রতিষ্ঠান)

২৬/এ, মাসকান্দা (নতুন বাজার), সদর, ময়মনসিংহ।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত এবং এই বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে একাডেমিক ৪ বছর ও ১ বছর বাধ্যতামূলক ইন্টার্নশীপসহ মোট ৫ বছর মেয়াদী নিম্নে বর্ণিত কোর্স সমূহ এবং অনুমোদিত আসন সংখ্যার বিপরীতে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

- ❖ ব্যাচেলর অব সায়েন্স ইন ফিজিওথেরাপি- ৩০
- ❖ ব্যাচেলর অব সায়েন্স ইন অকুপেশনাল থেরাপি- ৩০
- ❖ ব্যাচেলর অব সায়েন্স ইন স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি- ৩০

ভর্তির জন্য আবেদনের যোগ্যতা:

জীববিদ্যা, পদার্থবিদ্যা ও রসায়ন সহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৮.০০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৃথক পৃথক ভাবে জিপিএ ৩.৫০ থাকতে হবে। আবেদনকারীকে ২০১৯ অথবা ২০২০ সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায়, এবং ২০২১ অথবা ২০২২ সালে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

আবেদন করার নিয়মাবলী:

ময়মনসিংহ কলেজ অব ফিজিওথেরাপি এন্ড হেলথ সায়েন্সেস এর ওয়েবসাইট www.belaedubd.com অথবা সরাসরি এই লিংক এর মাধ্যমে https://belaedubd.com/Online_Admission.html অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য আবেদনকারীকে তার সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করার পর আবেদন ফরমে একটি Student ID আসবে, এবং উক্ত Student ID টি ভর্তির প্রবেশপত্র Download করার জন্য সংরক্ষণ করতে হবে।

আবেদন ফি বাবদ ১০৫০ (এক হাজার পঞ্চাশ) টাকা অনলাইন পেমেন্ট (পেমেন্টের বিস্তারিত নির্দেশনা ওয়েবসাইটে দেয়া আছে) করে আবেদন ফরমটি সাবমিট করতে হবে। পরবর্তীতে Admit Card download করার জন্য আপনার মোবাইলে একটি SMS যাবে, এবং কলেজের নির্ধারিত website এ গিয়ে Student ID submit করে Admit Card download করতে হবে। অনলাইনে আবেদনের বিস্তারিত তথ্য ও নির্দেশনা www.belaedubd.com ওয়েবসাইটে দেয়া আছে।

(অসম্পূর্ণ আবেদন/কোন তথ্য ভুল/মিথ্যা প্রমানিত হলে আবেদনপত্র/ভর্তি বাতিল বলে গণ্য হবে।)

ভর্তি পরীক্ষা পদ্ধতি:

- ক) মোট ২০০ নম্বরের মধ্যে ফলাফল প্রস্তুত করা হবে। এসএসসি এবং এইচএসসি এর ফলাফলের জন্য= ১০০ নম্বর (এসএসসি= ৪০% এবং এইচএসসি= ৬০%)।
- খ) লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর।
লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক মানবন্টন: পদার্থবিদ্যা= ২৫, রসায়নবিদ্যা= ২৫, জীববিদ্যা= ২৫, ইংরেজী= ১৫, এবং সাধারণ জ্ঞান= ১০।

অনলাইনে আবেদন শুরু ও আবেদনের শেষ তারিখ : বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ১৩/০৭/২০২৩ইং তারিখ পর্যন্ত।
ভর্তি পরীক্ষা ও স্বাস্থ্যগত পরীক্ষার সময়সূচী এবং স্থান : ১৭/০৭/২০২৩ ইং তারিখ সকাল ১০টায়, এমসিপিএইচএস কলেজ ক্যাম্পাস, মাসকান্দা, ময়মনসিংহ।

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ : ১৯/০৭/২০২৩ ইং তারিখ বিকাল ৫.০০ টায় কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে।

প্রয়োজনে মোবাইল নম্বর সমূহ : ০১৩২১-২১৩১৭৭, ০১৩২১-২১৩১৭৮।

(অথবা প্রয়োজনে সরাসরি প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত প্রতিষ্ঠানের অফিস {শুক্রবার এবং সরকারি ছুটির দিন সহ}/নির্ধারিত ভর্তি তথ্য কেন্দ্র [নাভানা টাওয়ার, লেভেল-২১, ফ্লাট-বি, গুলশান-১, ঢাকা-১২১২ {শুক্রবার বন্ধ}] হতে ভর্তি সংক্রান্ত সকল তথ্য ও আবেদনপত্র সংগ্রহ করা যাবে)

বি. দ্র.: ভর্তি সংক্রান্ত যেকোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যক্ষ

ময়মনসিংহ কলেজ অব ফিজিওথেরাপি এন্ড হেলথ সায়েন্সেস (এমসিপিএইচএস)